# প্রশাসনিক পর্যালোচনা প্রক্রিয়া সংক্রান্ত তথ্যাবলি

আপনি যদি বিশ্বাস করেন যে, সংযুক্ত **বিশেষ নোটিশ-এ** উল্লিখিত সাপোর্টের পরিমাণটি আপনার প্রদেয় নয়, সেক্ষেত্রে আপনি একটি প্রশাসনিক পর্যালোচনার অনুরোধ করতে পারেন। এই অনুরোধটি অবশ্যই লিখিতভাবে হতে হবে। আপনি এই পৃষ্ঠার পিছনের ফর্মটি ব্যবহার করতে পারেন। ফর্মটি সম্পূর্ণ করার জন্য এই তিনটি (3) ধাপ সম্পন্ন করুন:

1. এগুলির জন্য ফর্মের যথাযথ বক্সগুলিতে **টিকচিহ্ন** (√)**দিন**
   - আপনার সপক্ষের যুক্তি(গুলি) চিহ্নিত করুন এবং আপনার সপক্ষের যুক্তির(গুলির) সমর্থনে নথিগুলি অন্তর্ভুক্ত করুন। আপনার প্রদত্ত নথিটি যদি তালিকাভুক্ত না হয়, "অন্যান্য" লেবেলযুক্ত বক্সে টিকচিহ্ন দিন এবং নথিটির সংক্ষিপ্ত বর্ণনা দিন।
   - আপনার সপক্ষের যুক্তির(গুলির) সমর্থনে আপনার কাছে যদি লিখিত নথি না থাকে বা আপনাকে লিখিত নথি ছাড়া অন্যান্য প্রমাণ উপস্থাপিত করতে হয়, একটি কনফারেন্স বা সম্মেলনের জন্য অনুরোধ করুন। আমরা আপনাকে কনফারেন্সের তারিখ ও সময় সম্পর্কে জানাব।
   - যদি এটি নিউ ইয়র্ক স্টেটের দ্বারা ইস্যু করা না হয়, তাহলে অনুরোধ করুন যে, পর্যালোচনাটি যাতে সেই স্টেটের দ্বারা সম্পন্ন করা হয়, যারা আপনার সাপোর্ট অর্ডার ইস্যু করেছে। আমরা আপনার লিখিত অনুরোধ পাওয়ার দশ(10) দিনের মধ্যে অন্য স্টেটের সাথে যোগাযোগ করব এবং অন্য স্টেট আপনার প্রশাসনিক পর্যালোচনার যে সময় ও স্থান জানিয়েছে তা আপনাকেজানাব।

2. ফর্মের নিচের অংশে নিচের তথ্যাবলি প্রদান করুন:
   - নিউ ইয়র্ক কেস চিহ্নিতকারী সংখ্যা (**বিশেষ নোটিশ**-এ উল্লিখিত);
   - কাউন্টির নাম (**বিশেষ নোটিশ**-এ উল্লিখিত); এবং
   - আপনার ব্যক্তিগত/যোগাযোগের তথ্যাবলি।

3. **বিশেষ নোটিশ** -এর উপরে প্রদর্শিত ঠিকানাতে সম্পূর্ণকৃত ফর্ম ও নথিপত্র **জমা দিন।**।

প্রশাসনিক পর্যালোচনা প্রক্রিয়া চলাকালীন একজন আইনজীবী বা অন্য ব্যক্তি আপনাকে অনুরোধ করতে পারে।

আমরা আপনার সাথে সম্মত হচ্ছি কি না সেই ব্যাপারে আপনি আমাদের কাছ থেকে একটি লিখিত সিদ্ধান্ত পাবেন। আমাদের সিদ্ধান্তটি সম্পূর্ণভাবে SCU রেকর্ড, আপনার জমা দেওয়া কোনো লিখিত নথিপত্র এবং যদি প্রযোজ্য হয়, আপনার অনুরোধক্রমে একটি কনফারেন্সে উপস্থাপিত কোনো প্রমাণের উপর নির্ভর করবে। **আমাদের লিখিত সিদ্ধান্ত চূড়ান্ত প্রশাসনিক নির্ধারণ হবে।** যদি আমরা সিদ্ধান্ত নিই যে, সম্পূর্ণ বা আংশিকভাবে ট্যাক্স রিফান্ড অফসেট/পাসপোর্ট প্রত্যাহারের শংসায়ন হওয়া উচিত নয়, আমরা শংসায়নটিকে সমন্বিত করব। যদি ইতিমধ্যে অফসেট হয়ে থাকে, আমরা অ-যথাযথভাবে অফসেট করা পরিমাণগুলি আপনাকে পরিশোধ করব। চূড়ান্ত প্রশাসনিক নির্ধারণ পাওয়ার পর, আপনি নিউ ইয়র্ক স্টেট সিভিল প্র্যাকটিস ল ও রুল্‌স-এর আর্টিকল 78 অনুযায়ী, আইনে প্রদত্ত সময়সীমার মধ্যে, নির্ধারণটির একটি বিচারবিভাগীয় পর্যালোচনা চাইতে পারেন।

শুধুমাত্র রেফারেন্সের জন্য

# ট্যাক্স রিফান্ড অফসেট/পাসপোর্ট প্রত্যাখ্যানের জন্য প্রদেয় সাপোর্টের শংসায়নের প্রশাসনিক পর্যালোচনার অনুরোধ করা

**এই ফর্ম পূরণের আগে** – একটি প্রশাসনিক পর্যালোচনা ও আরো নির্দেশাবলী সংক্রান্ত তথ্যের জন্য অনুগ্রহ করে, এই ফর্মের অন্য দিকটি পড়ুন।

কোনো লিখিত নথি জমা দেওয়া বা কোনো নির্ধারিত কনফারেন্সে উপস্থিত হওয়ার আগে, আপনি বা আপনার প্রতিনিধি প্রস্তাবিত শংসায়ন সংক্রান্ত সাপোর্ট কালেকশন ইউনিট পেমেন্ট রেকর্ডগুলির একটি পর্যালোচনা করতে পারেন এবং এর একটি কপি পেতে পারেন।

**আমি বিশ্বাস করি না যে, আমার বিশেষ নোটিশে উল্লিখিত কোনো সাপোর্টের পরিমাণ প্রদেয় রয়েছে। আমি এর ভিত্তিতে শংসায়নটিকে চ্যালেঞ্জ করতে চাই: 1) নিচে টিকচিহ্ন দেওয়া সপক্ষের যুক্তি(গুলি) এবং নথিপত্র এবং 2) সংযুক্ত নথিপত্রগুলি**

☐ 1. আমি সাপোর্ট প্রদেয় রয়েছে বলে চিহ্নিত ব্যক্তিটি নই, যে বিষয়ের সমর্থনে এইগুলি রয়েছে:
- ☐ আমার ড্রাইভিং লাইসেন্স বা পরিচয় পত্রের একটি কপি
- ☐ আমার পাসপোর্ট বা আমার সোশ্যাল সিকিউরিটি কার্ডের একটি কপি
- ☐ (অন্যান্য) চিহ্নিত করুন ______________________

☐ 2. আমি সাপোর্টের অর্থপ্রদানের জন্য আদালতের রায়ের অধীনে রয়েছি, বা আমার সাপোর্ট অর্ডারটিকে খালি, সমাপ্ত করা হয়েছে বা তা কখনোই আদালতে প্রবেশ করেনি এবং কোনো সাপোর্টের অর্থ বকেয়া নেই/অতীতের কোনো সাপোর্ট বাকী হিসেবে নেই, যা এই বিষয়গুলি দিয়ে সমর্থিত হয়েছে:
- ☐ আমার সাপোর্ট অর্ডার খালি বা সমাপ্ত করা সংক্রান্ত আদালতের রায়ের একটি কপি
- ☐ (অন্যান্য) চিহ্নিত করুন ______________________

☐ 3. উল্লিখিত পরিমাণটিতে ভুল রয়েছে, কারণ আমার করা একটি পেমেন্ট বা পেমেন্টগুলি আমার অ্যাকাউন্টে জমা পড়েনি, পরিমাণটি সঠিকভাবে গণনা করা হয়নি বা আমার আদালতের রায়টি পরিবর্তিত হয়েছিল, যা এগুলির দ্বারা সমর্থিত হয়েছে: *
- ☐ একটি ক্যানসেলকৃত চেক বা মানি অর্ডারের একটি কপি (সামনে ও পিছনে), যা চাইল্ড সাপোর্ট এজেন্সির দ্বারা জমাকৃত হয়েছে, কিন্তু আমার অ্যাকাউন্টে ক্রেডিট বা জমা হয়নি।
- ☐ নথিপত্র যা আমার এই দাবিকে সমর্থন করে যে, আমার সাপোর্টের পরিমাণটি সঠিকভাবে গণনা করা হয়নি
- ☐ আমার সাপোর্ট অর্ডার বা বাকী পরিমাণ নির্ধারণ পরিবর্তনকারী আদালতের রায়ের একটি কপি
- ☐ (অন্যান্য) চিহ্নিত করুন ______________________

* যদি প্রদানকৃত নথিপত্র বাকী পড়া সম্পূর্ণ পরিমাণকে চ্যালেঞ্জ না করে, আমি আমার প্রদেয় পরিমাণটির পেমেন্ট অন্তর্ভুক্ত করছি এবং পেমেন্ট কুপনে (বিশেষ নোটিশে সংযুক্ত) পরিমাণটি প্রতিফলিত করছি এবং বিলিং কুপনের নির্দেশনা অনুযায়ী পেমেন্টটি পাঠাচ্ছি।

☐ 4. নিউ ইয়র্ক স্টেট আদালতের সাপোর্ট সংক্রান্ত রায়ে এরিয়ার বা বকেয়া অর্থগুলির একটি অনুসন্ধানকে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং আদালত এই বকেয়া পরিশোধে পর্যাবৃত্ত অর্থপ্রদানের পরিমাণ নির্ধারণে অনুমিত ট্যাক্স রিফান্ডকে বিবেচনা করেছে এবং নির্ধারণ করেছে যে, এই ধরণের বকেয়া পরিমাণকে ট্যাক্স রিফান্ড অফসেট প্রক্রিয়াতে শংসায়িত করা হবে না এবং আমি সমস্ত পর্যাবৃত্ত পেমেন্টগুলি করেছি, যা এগুলি দ্বারা সমর্থিত হচ্ছে:
- ☐ আমার দাবির সমর্থনকারী আদালতের রায়ের একটি কপি; এবং,
- ☐ আমার ক্যানসেলকৃত চেক বা মানি অর্ডারের একটি কপি (সামনের ও পিছনের), যা প্রমাণ করে যে, আমি আমার পর্যাবৃত্ত পেমেন্টগুলি করেছি; বা
- ☐ গ্রহণকৃত ট্যাক্স রিফান্ড অফসেট চিঠিগুলির একটি কপি, যা প্রমাণ করে যে, আমার চাইল্ড সাপোর্ট কেসে আমার ট্যাক্স রিফান্ডগুলি প্রয়োগ করা হয়েছিল।

☐ 5. আমি এই বিষয়টি নিয়ে আলোচনার জন্য একটি কনফারেন্সের অনুরোধ করছি/

☐ 6. আমার সাপোর্ট অর্ডারটি নিউ ইয়র্ক স্টেটে ইস্যু করা হয়নি এবং আমি সাপোর্ট অর্ডার ইস্যুকারী স্টেটকে পর্যালোচনা সম্পন্ন করার অনুরোধ করছি।

**সম্পূর্ণ করেছেন ও জমা দিয়েছেন:**

নিউ ইয়র্ক কেস চিহ্নিতকারী: ______________________ কাউন্টি: ______________________

মুদ্রিত নাম: ______________________ সোশ্যাল সিকিউরিটি নম্বর: ______________________

স্বাক্ষর: ______________________ ফোন: ______________________

ঠিকানা: ______________________ তারিখ: ______________________

শুধুমাত্র রেফারেন্সের জন্য